

## প্রেস বিজ্ঞপ্তি

হংকং, ২১ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ

### বিনম্র শ্রদ্ধায় হংকং এ পালিত হলো মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

বিনম্র শ্রদ্ধা এবং উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল হংকং এ পালিত হলো মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

মহান ভাষা শহিদদের স্মৃতির উদ্দেশ্যে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং এ নির্মিত অস্থায়ী শহিদ মিনারে কনসাল জেনারেল মিঃ ইসরাত আরা কর্তৃক পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে দিবসটি উদ্‌যাপনের সূচনা হয়। এছাড়া, আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা অর্ধনিমিতকরণ ও ভাষা আন্দোলনের শহিদদের আত্মার মাগফিরাত কামনা এবং বাংলাদেশের শান্তি ও উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। এরপর মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বানী পাঠ করেন কনস্যুলেটের কর্মকর্তাবৃন্দ। এছাড়া, আলোচনা অনুষ্ঠান ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উল্লেখ্য, চলমান কোভিড -১৯ সংক্রমণের উর্ধ্বগতি এবং হংকং বিশেষ প্রশাসনিক অঞ্চলের ২ জনের বেশি দলগত সমাবেশ না করার বিধিনিষেধ বিবেচনায় রেখে অনলাইন মাধ্যমে (জুম প্লাটফর্মে) অনুষ্ঠানটি পরিচালিত হয়।

২১ শে ফেব্রুয়ারির মূল প্রতিপাদ্যকে সামনে রেখে অনুষ্ঠানে বিষয়ভিত্তিক বক্তব্য উপস্থাপন করেন বাংলাদেশী ও চীনা বংশোদ্ভূত দু'জন অধ্যাপক যথাক্রমে জনাব মিরন কুমার ভৌমিক এবং জনাব Anwei Feng। মুক্ত আলোচনা পর্বে হংকংস্থ বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দ মহান একুশের শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে একুশের চেতনায় উদ্বুদ্ধ হয়ে একযোগে দেশ গড়ার প্রত্যয় ব্যক্ত করেন।

কনসাল জেনারেল মিঃ ইসরাত আরা তাঁর বক্তব্যে গভীর শ্রদ্ধার সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্ব এবং ভাষা আন্দোলনের শহিদদের অমূল্য অবদানের কথা কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন। তিনি ২১ শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি লাভে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্ব ও বলিষ্ঠ ভূমিকা তুলে ধরেন। তিনি প্রবাসী বাংলাদেশীদের আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মূল চেতনায় উদ্বুদ্ধ হয়ে একযোগে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানের শেষ পর্বে কনস্যুলেট জেনারেল ও বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের এই আয়োজন সমাপ্ত হয়।



